



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ
<https://www.ngcc.edu.bd>

তারিখ: ০৭.১০.২০২৬

২০২৬-২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ২য় পর্যায়ে সুযোগপ্রাপ্তদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে নবাবগঞ্জ সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ২য় ধাপে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত নিয়মানুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা দেয়া হলো।

ভর্তির প্রক্রিয়া :

ধাপ ১ : <https://ngcc.edu.bd/> ওয়েবসাইটে EMS Portal অপশনে গিয়ে

User Name: nawabganjstudent, Password: nawabganjstudent দিয়ে লগইন করতে হবে।

ধাপ ২ : Admission অপশনে গিয়ে Click for New Admission ক্লিক করার পর Select Group অপশন থেকে HSC এবং Select Department অপশন থেকে বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা বিভাগ সিলেক্ট করতে হবে। তারপর Admission Roll হিসেবে এসএসসি রোল নম্বর এন্ট্রি দিয়ে Check for Admission এ ক্লিক করতে হবে। পর্যায়ক্রমে চাহিত সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি দিয়ে Save বাটনে ক্লিক করতে হবে। এখানে সংযুক্ত ছবিটি দিয়েই আইডি কার্ড, রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট হবে, এই কারণে এখানে সদ্য তোলা পাসপোর্ট ধরনের অফিসিয়াল লুকের ছবি সংযুক্ত করতে হবে। আবেদন ফরম পূরণ করার জন্য এসএসসির প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, ট্রান্সক্রিপ্ট, জন্মনিবন্ধন সনদ, বাবা-মায়ের এনআইডি কার্ড দরকার হবে।

ধাপ ৩ : ভর্তির Session (2026-27), AdmissionRoll এন্ট্রি দিয়ে Pay through Sonali Pay (সার্ভিস চার্জ ১.৫%) অথবা বিকাশ/রকেট অ্যাপ (সার্ভিস চার্জ ১.৩%) ব্যবহার করে নির্ধারিত ভর্তি ফি পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শিক্ষার্থীর ক্লাসরোল জেনারেট হবে এবং শিক্ষার্থী/অভিভাবক এর মোবাইল নম্বরে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন সংক্রান্ত SMS যাবে। অ্যাপসে এডুকেশন ফি সিলেক্ট করে বিলার নবাবগঞ্জ সরকারি কলেজ সিলেক্ট করতে হবে।

ধাপ ৪ : ধাপ ৩ সম্পন্ন করার পরে Receipts Print ক্লিক করে এসএসসি রোল নম্বর এন্ট্রি দিয়ে Payslip এবং Application Form Reprint ক্লিক করে ক্লাসরোলযুক্ত ভর্তিফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

*জমা দেয়ার জন্য প্রয়োজনীয় কাগজের তালিকা:

১. ক্লাসরোলযুক্ত ডাউনলোডকৃত ভর্তিফরম
২. ফি পরিশোধের পে-স্লিপ
৩. S.S.C রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ০১ (এক) সেট ফটোকপি এবং ০১ কপি অনলাইন নম্বরশীটের কপি।
৪. কাগজের ছোট প্যাকেটে সদ্য তোলা এবং ছবির পেছনে নাম ও রোল লেখা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ছবি।
৫. মুক্তিযোদ্ধা কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জন্য সংশ্লিষ্ট কোটার মূল সনদ এবং মুক্তিযোদ্ধার সন্তান সম্পর্ক প্রমাণের জন্য গেজেট/ডেটাবেইজ/ওয়ারিশ সনদ প্রদর্শন করত: প্রমাণপত্রের ০২(দুই) সেট ফটোকপি।
৬. এডুকেশন কোটায় সুযোগপ্রাপ্তদের ক্ষেত্রে, চাকুরিরত প্রতিষ্ঠানের প্রধান প্রদত্ত অভিভাবকের চাকুরি সংক্রান্ত প্রত্যয়ন।
৭. ২০২৪ এবং ২০২৫ সালে পাশকৃত ছাত্র-ছাত্রীদের জন্য প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত পাঠবিরতির সনদ এবং পাঠ বিরতি সনদের ০২ (দুই) কপি ফটোকপি।

কাগজপত্র জমা দেয়ার সময়	শাখা	কক্ষ নম্বর	ভবন
১১.১০.২০২৬ খ্রি. হতে ১৩.১০.২০২৬ খ্রি. পর্যন্ত (অনলাইন সার্ভার বিকাল ০৪.০০টায় বন্ধ হয়ে যাবে)	সকল	হিসাববিজ্ঞান বিভাগ	শহিদ মনিমুল হক (০৫ নম্বর) ভবন, তৃতীয় তলা

ভর্তি ফি এর পরিমাণ: বিজ্ঞান শাখা

ক্রমিক	বিবরণ	টাকা
(ক)	কলেজ ভর্তি ও বেতন	২৬০.০০
(খ)	কলেজ সেশন ফি	২১০৯.০০
(গ)	ব্যবস্থাপনা ফি (ভর্তি- ৫০.০০+ রেজিস্ট্রেশন- ৫০.০০)	১০০.০০
(ঘ)	অভ্যন্তরীণ পরীক্ষার ফি (অর্ধবার্ষিক+বার্ষিক) (৭ পত্র $\times$ ৫০.০০ = ৩৫০.০০ $\times$ ২)	৭০০.০০
সর্বমোট (ক+খ+গ+ঘ)		৩১৬৯.০০

ভর্তি ফি এর পরিমাণ: মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা

ক্রমিক	বিবরণ	টাকা
(ক)	কলেজ ভর্তি ও বেতন	২৬০.০০
(খ)	কলেজ সেশন ফি	১৯৮৪.০০
(গ)	ব্যবস্থাপনা ফি (ভর্তি- ৫০.০০+ রেজিস্ট্রেশন- ৫০.০০)	১০০.০০
(ঘ)	অভ্যন্তরীণ পরীক্ষার ফি (অর্ধবার্ষিক+বার্ষিক) (৭ পত্র $\times$ ৫০.০০ = ৩৫০.০০ $\times$ ২)	৭০০.০০
সর্বমোট (ক+খ+গ+ঘ)		৩০৪৪.০০

*অনলাইনে ফি পরিশোধের সময় নোটিশে বর্ণিত পরিমানের সাথে কোনো গরমিল পরিলক্ষিত হলে ফি পরিশোধের পূর্বেই কলেজে যোগাযোগ করার অনুরোধ করা হলো। কারিগরি জটিলতার কারণে কোনোভাবে ফি পরিশোধ নিশ্চিত না হলে তাৎক্ষণিক আবার চেষ্টা করতে নিরুৎসাহিত করা হচ্ছে। কিছুক্ষণ অপেক্ষার পর পুনরায় ফি পরিশোধের চেষ্টা করতে হবে।

বিষয় নির্বাচন: বাধ্যতামূলক বিষয়- (১) বাংলা, (২) ইংরেজি, (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

শাখা	আবশ্যিক বিষয় (৩টি)	৪র্থ বিষয় (১টি)
বিজ্ঞান	১। পদার্থবিদ্যা, ২। রসায়ন, ৩। জীববিজ্ঞান/উচ্চতর গণিত	১। জীববিজ্ঞান/উচ্চতর গণিত
ব্যবসায় শিক্ষা	১। হিসাববিজ্ঞান, ২। ব্যবস্থাপনা, ৩। ফিন্যান্স/মার্কেটিং	১। ফিন্যান্স/মার্কেটিং
মানবিক	অর্থনীতি, পৌরনীতি, ইতিহাস/ইসলামের ইতিহাস, যুক্তিবিদ্যা, ইসলাম শিক্ষা (যেকোনো তিনটি আবশ্যিক ও একটি ৪র্থ) দ্রষ্টব্য: ১. যেকোনোভাবেই হোক, একই সাথে ইতিহাস ও ইসলামের ইতিহাস নেয়া যাবেনা। ২. অর্থনীতি ও পৌরনীতির মধ্যে যে কোনো একটি/দুটিকেই নিতে চাইলে আবশ্যিক হিসেবেই নিতে হবে। এ বিষয়গুলো ৪র্থ বিষয় হিসেবে নেয়া যাবেনা।	


ভর্তি সংক্রান্ত যে কোনো প্রয়োজনে যোগাযোগ:

জনাব ফরহাদ আহমেদ, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ

সেলফোন: ০১৭১৪৭৮৬৪৮৫

মোঃ তাসেমুল হক, কম্পিউটার অপারেটর, হিসাববিজ্ঞান বিভাগ

সেলফোন: ০১৭৮৮৯৪১৩৩৪


০৭.১০.২৬
প্রফেসর ড. মোঃ সেরাজ উদ্দীন
অধ্যক্ষ

নবাবগঞ্জ সরকারি কলেজ
চাঁপাইনবাবগঞ্জ


০৭.১০.২৬
জনাব মোঃ মোদাশ্শের হোসেন

সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান ও
আহ্বায়ক

২০২৬-২৭ একাদশ ভর্তি কমিটি
নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ